

কম্পিউটারবিজ্ঞান শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রোগ্রামিং প্রতিযোগিতা

টেক প্রতিদিন ডেস্ক ▽

কম্পিউটারবিজ্ঞান শিক্ষা সপ্তাহ উপলক্ষে 'অনলাইন প্রোগ্রামিং কনটেস্ট', 'ন্যাশনাল গার্লস প্রোগ্রামিং কনটেস্ট' সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রোগ্রামিংবিষয়ক আড্ডা ও কর্মশালায় আয়োজন করেছে

বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন)। সহ-আয়োজক

হিসেবে রয়েছে বাংলাদেশ কম্পিউটার

কাউন্সিল। বিশ্বজুড়ে ৭ থেকে ১৩

ডিসেম্বর এই আয়োজন হয়ে থাকে।

তবে বাংলাদেশে এ আয়োজন চলবে

১৫ ডিসেম্বর পর্যন্ত। সপ্তাহব্যাপী এই

আয়োজনে প্রোগ্রামিং প্রতিযোগিতার

পাশাপাশি দেশের বিভিন্ন স্থানে আয়োজন করা হবে

'আওয়ার অব কোড' বা এক ঘণ্টার প্রোগ্রামিং কোড

শেখা কর্মসূচি। বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রোগ্রামিংয়ে

আগ্রহী করে তুলতেই এ উদ্যোগ।

আয়োজকরা জানিয়েছেন, ৭ ডিসেম্বর থেকে বিভিন্ন

কার্যক্রম শুরু হলেও ১১ ডিসেম্বর হবে অনলাইন

প্রোগ্রামিং কনটেস্ট। কোডনাশাল প্ল্যাটফর্মে অনুষ্ঠেয় এই

প্রতিযোগিতায় বিনা মূল্যে নিবন্ধন করে অংশ নেওয়া

যাবে। সেরা ১০০ প্রতিযোগী পাবেন পুরস্কার।

১২ ডিসেম্বর ড্যাফোর্ডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে

হবে 'ন্যাশনাল গার্লস প্রোগ্রামিং কনটেস্ট'। হাই স্কুল

ও বিশ্ববিদ্যালয় পরে বিভক্ত এই

প্রতিযোগিতায় তিনজন শিক্ষার্থীর

সমন্বয়ে দলে অংশ নিতে হবে। ৫০০

ও ১০০০ টাকার বিনিময়ে নিবন্ধন

করতে হবে দলগুলোকে।

১৫ ডিসেম্বর ঢাকায় আনুষ্ঠানিকভাবে

আয়োজনের সনাক্তি ঘোষণা করা হবে।

বিডিওএসএনের সহসভাপতি ও ঢাকা

বিশ্ববিদ্যালয়ের কম্পিউটারবিজ্ঞান

বিভাগের সহযোগী অধ্যাপক লাকিফা জামাল জানান,

ডিসেম্বরে কর্মসূচি শুরু হলেও আজ থেকে সচেতনতা

কর্মসূচি, প্রশিক্ষকদের প্রশিক্ষণ এবং অনলাইন

প্রতিযোগিতার প্রস্তুতিমূলক অনুশীলন কার্যক্রম শুরু

হচ্ছে। আগামীকাল বিকেল ৪টায় বিশ্বসাহিত্য কেন্দ্রে

আয়োজনের বিভিন্ন দিক নিয়ে হবে 'প্রোগ্রামিং আড্ডা'।

বিস্তারিত www.bdosn.org।

